গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এর কার্যালয়
খুলনা।
(ওয়েবসাইটঃ *www.judiciary.gov.bd*)
ই-মেইলঃ msjkhulna@gmail.com
টেলিফোন ঃ 02477721171

## অফিস আদেশ

নং- ৫২(ক)। তারিখঃ ০৩/১০/২০২৪ খ্রিঃ।

খুলনার মহানগর দায়রা জজ আদালত এর নাজির জনাব মোঃ আবুল কালাম আজাদ (পাসপোর্ট নম্বর- E00145564) অত্র কার্যালয়ের অফিস আদেশ নং-৫৩ মোতাবেক ভারতে উন্নত চিকিৎসার জন্য ৬০ (ষাট) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি ভোগের অনুমতি লাভ করে ভারতে গমন করেন এবং বর্তমানে খ্রিষ্টান মেডিকেল কলেজ ভেলোর এর অধীনে চিকিৎসাধীন আছেন। আগামী ০৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ তার উক্ত ৬০(ষাট) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি ভোগ সম্পন্ন হবে। কিন্তু পরীক্ষান্তে তার শরীরে ব্লাড ক্যান্সার সনাক্ত হওয়ায় ইতোমধ্যে কয়েকটি কেমোথেরাপি প্রদান সম্পন্ন হলেও আরও ৬০(ষাট) দিন থেরাপি সহ অন্যান্য পরীক্ষার জন্য তথায় চিকিৎসাধীন থাকা আবশ্যক মর্মে বিশেষজ্ঞ চিকিৎসকগণ পরামর্শ প্রদান করায় নির্ধারিত তারিখের মধ্যে দেশে ফেরত আসা সম্ভব না হওয়ায় চিকিৎসার প্রয়োজনে আগামী ০৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ৬০(ষাট) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি বর্ধিতকরণের প্রার্থনা করেছেন। তার দাখিলী ছুটি বর্ধিতকরণ দরখাস্তে উল্লেখিত কারণসমূহ সন্তোষজনক মর্মে প্রতিপন্ন হওয়ায় তার অনুকূলে ০৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে আগামী ০৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি প্রার্থীত মতে মঞ্জুরক্রমে বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি বর্ধিত করা হলো। তার অবর্তমানে সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর জনাব গনেশ কুমার দাস নিজ দায়িত্বের অতিরিক্ত তার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করবেন।

তার এই বিদেশ গমনে সরকার দেশীয় বা বৈদেশিক মুদ্রার কোন অর্থ ব্যয় করবেন না।

তার সার্ভিস বুকে নোট দেওয়া হোক।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
০৩/১০/২০২৪ খ্রিঃ
(মোঃ শরীফ হোসেন হায়দার)
মহানগর দায়রা জজ
খুলনা।

স্মারক নং- ১৭৯-ক(৮)/জি, তারিখঃ ০৩/১০/২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-**

১। ভারপ্রাপ্ত বিচারক, হিসাব শাখা, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
৩। ইমিগ্রেশন কর্মকর্তা, ভোমরা, সাতক্ষীরা/বেনাপোল, যশোর ।
৪। জনাব মোঃ আবুল কালাম আজাদ, নাজির, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
৫। জনাব গনেশ কুমার দাস, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
৬। জনাব মোঃ হাদিউজ্জামান, ফোকাল পার্সন, মহানগর দায়রা জজ আদালত, খুলনা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭। আদেশ বহি।
৮। অফিস কপি।

০৩/১০/২০২৪ খ্রিঃ
মহানগর দায়রা জজ
খুলনা।
মোঃ শরীফ হোসেন হায়দার
মহানগর দায়রা জজ
খুলনা।